ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮০৮

আগরতলা,১০ সেপ্টেম্বর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘সাপের কামড়ে বিনা চিকিৎসায় বৃদ্ধার মৃত্যু গোমতী জেলা হাসপাতালে অ্যান্টি-ভেনম সিরাম আছে কি নেই জানেন না এমএস!,’’ এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ৯ সেপ্টেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে গোমতী জেলা হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, সংবাদপত্রে প্রকাশিত বক্তব্যটি সঠিক নয়। গতকাল রাত আনুমানিক ৮টা ৪৫ মিনিটে এক ব্যক্তি গোমতী জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্টকে ফোন করে জানতে চান যে, কেন ৭ সেপ্টেম্বর, ২০২৫ সাপের কামড়ের একটি রোগীকে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে রেফার করা হয়েছে। উত্তরে মেডিক্যাল সুপারিনটেনডেন্ট শুধুমাত্র জানিয়েছেন যে, বিষয়টি তাকে যেন খতিয়ে দেখতে দেওয়া হয়।

সংশ্লিষ্ট কর্তব্যরত মেডিক্যাল অফিসার এবং নার্সিং অফিসারদের জমা দেওয়া তথ্যভিত্তিক রিপোর্ট ও বেড হেড টিকিটের রেকর্ড অনুযায়ী, উদয়পুরের বাঁশখেতস্থিত মুড়াপাড়ার বাসিন্দা মায়া রাণী সূত্রধর(৮০) নামে এক মহিলা গত ৭ সেপ্টেম্বর, ২০২৫ রাত প্রায় ৯টা নাগাদ গোমতী জেলা হাসপাতালে ভর্তি হন। এরপর তার চিকিৎসা শুরু করা হয় এবং তার নিউরোটক্সিসিটির লক্ষণগুলি বিকশিত হলে তাকে অ্যান্টি-স্নেক ভেনম দেওয়া হয়। রোগীনিকে উন্নত চিকিৎসার জন্য ঐদিনই রাত ১১টা ৫৫মিনিট নাগাদ আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে স্থানান্তর করা হয়।

*****